69

দৈনিক সংবাদ

তারিখ 06 SEP 1996
পৃষ্ঠা ২ কলাম ৭

# বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে নতুন বিষয় চালুর ক্ষেত্রে নিষেধাজ্ঞা প্রত্যাহার দাবি

বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের নেতৃবৃন্দ বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে নতুন শাখা ও বিষয় চালু করার ব্যাপারে আরোপিত নিষেধাজ্ঞা প্রত্যাহারের দাবি জানিয়েছেন।

এক যুক্ত বিবৃতিতে তারা বলেন, শিক্ষা মন্ত্রণালয় সাম্প্রতিক এক প্রজ্ঞাপন দ্বারা দেশের সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান ভবিষ্যতে মন্ত্রণালয়ের অনুমতি/অনুমোদন ব্যতীত নতুন শাখা/বিষয় খোলা ও তার পরিপ্রেক্ষিতে পদ সৃষ্টি ও এমপিওভুক্ত সম্পূর্ণ বন্ধ ঘোষণা করেছে। এছাড়া শিক্ষা অধিদপ্তরের প্রতি মৌখিক নির্দেশে টাইম স্কেল, স্কেল পরিবর্তন, প্রবৃদ্ধি ও শূন্য পদ পূরণসহ এমপিওতে যেকোন প্রকার পরিবর্তন স্থগিত রাখা হয়েছে। এর ফলে দেশের বেসরকারি স্কুল-কলেজে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে এমন পরিস্থিতির সৃষ্টি হয়েছে যে, এমপিওভুক্ত কোন শিক্ষক মৃত্যুবরণ করলেও তার শূন্য পদে নিয়োগদান পর্যন্ত করা যাচ্ছে না সরকারি নির্দেশের কারণে।

বিবৃতিতে সই করেছেন ঃ ফেডারেশনের চেয়ারম্যান শেখ আমানুল্লাহ, মহাসচিব অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ, কলেজ শিক্ষক সমিতির সভাপতি অধ্যক্ষ এ কে এম জহিরুল ইসলাম, মহাসচিব মোহাম্মদ সেলিম ভুঁইয়া এবং ফেডারেশনের কেন্দ্রীয় নেতৃবৃন্দ অধ্যাপক আসাদুল হক, অধ্যাপক আবদুর রব মিয়া, মোহাম্মদ শহীদুল্লাহ, মোহাম্মদ আজিজুল ইসলাম।